প্রাথমিক শিক্ষা সমাপনী
পরীক্ষা ২০১৪ এর মডেল প্রশ্ন
বিষয় : বাংলাদেশ ও বিশ্বপরিচয়

সময়: ২ ঘন্টা ৩০ মিনিট — **পূর্ণমান: ১০০**

[বি: দ্র: ডানপাশের সংখ্যা প্রশ্নের পূর্ণমান জ্ঞাপক]

১। সঠিক উত্তরটি উত্তর পত্রে লিখ: **১×৪০=৪০**

১) পাহাড়পুরের প্রত্নস্থলটি কত হেক্টর এলাকা জুড়ে বিস্তৃত?
ক. ১০ হেক্টর খ. ১১ হেক্টর গ. ১২ হেক্টর ঘ. ১৩ হেক্টর

২) স্কয়ার ফার্মা কী ধরনের শিল্প কারখানা?
ক. বস্ত্র শিল্প খ. পাট শিল্প গ. ওষুধ শিল্প ঘ.মৃৎ শিল্প

৩) একটি দেশের অর্থনৈতিক উন্নয়নের তৃতীয় উপাদানটি কী?
ক. মূলধন খ. জনসম্পদ গ.প্রাকৃতিক সম্পদ ঘ. পরিবেশ

৪) পৃথিবীর বিভিন্ন দেশের কী কারণে নানা ধরনের দুযোর্গ ঘটে?
ক. পাকৃতিক ও সামাজিক খ. রাজনৈতিক ও পারিবারিক
গ. সামাজিক ও পারিবারিক ঘ. প্রাকৃতিক ও রাজনৈতিক

৫) নিচের কোনটি মানবাধিকার বিরোধী কাজ?
ক. ন্যায়-বিচার পাওয়া খ. নারী ও শিশু পাচার
গ. শিক্ষা লাভ ঘ. নিরাপত্তা পাওয়া

৬) শুষ্ক ও অপর্যাপ্ত বৃষ্টিপাতের কারণে কী হয়?
ক. বন্যা খ. খরা গ. নদী ভাঙন ঘ. ভূমিকম্প

৭) জাতিসংঘ কোন সালে মানবাধিকারের সার্বজনীন ঘোষণা পত্র অনুমোদন করেছে?
ক. ১৯৪০ খ. ১৯৪৫ গ. ১৯৪৮ ঘ. ১৯৫০

৮) আমাদের দেশে কত বছর বয়সে নাগরিক ভোট দিতে পারে?
ক. ১৮ খ. ২০ গ. ২২ ঘ. ২৪

৯) অর্টিস্টিক বন্ধুদের বৈশিষ্ট্য কোনটি?
ক. অনেক সময় স্বাভাবিক শব্দ শুনেই উত্তেজিত হয় খ. সব বন্ধুদের সাথে ভালো আচরণ করে
গ. সবার কথা শুনতে পছন্দ করে ঘ. নিজের জিনিসপত্র গুছিয়ে রাখে

১০) গণতন্ত্র অর্থ কী?
ক. পরিবারের শাসন খ. ব্যক্তির শাসন
গ. রাজনৈতিক দলের শাসন ঘ. জনগণের শাসন

১১) বেগম রোকেয়া যে স্কুলটি প্রতিষ্ঠা করেন তার নাম কী?
ক. সাখাওয়াত গার্লস স্কুল খ. সাখাওয়াত মেমোরিয়াল গার্লস স্কুল
গ. সাখাওয়াত মেমোরিয়াল স্কুল ঘ. বেগম রোকেয়া গার্লস স্কুল

১২) ম্রো সমাজের মানুষ প্রধানত কোন ধর্মাবলম্বী?

ক. খ্রিষ্ট খ. সনাতন গ. সাংসারেক ঘ. বৌদ্ধ

১৩) সদস্য দেশগুলোর জীবনযাত্রার মান উন্নয়ন কোন সংস্থার লক্ষ্য?

ক. জাতিসংঘ খ. সার্ক গ. ইউনিসেফ ঘ. ইউনেস্কো

১৪) বাংলাদেশে প্রতিবছর কী পরিমান খাদ্য ঘাটতি হয়?

ক.প্রায় ২০ লক্ষ টন খ. প্রায় ২৪ লক্ষ টন গ. প্রায় ২৫ লক্ষ টন ঘ. প্রায় ২৬ লক্ষ টন

১৫) কিসের অভাবে খরা হয়?

ক. বাতাস খ. পানি গ. গবাদি পশু ঘ. ফসল

১৬) কোনটি মানবাধিকারের লঙ্ঘন?

ক. নিরাপত্তা প্রদান খ. ধর্ম পালনের সুযোগ গ. সবার সমান অধিকার ঘ. শিক্ষার সুযোগ

১৭) ২৫ শে মার্চ রাতে যে হত্যাকান্ড হয়েছিল পাকিস্তানি বাহিনীরা সেই অভিযানের কী নাম দিয়েছিল?

ক. অপারেশন ক্লিন হার্ট খ. বাঙ্গালী বিরোধী অপারেশন

গ. অপারেশন সার্চ লাইট ঘ. অপারেশ টিক্কা খান

১৮) প্রত্যেক বছর আমরা ১৪ই ডিসেম্বর পালন করি-

ক. স্বাধীনতা দিবস খ. শহীদ দিবস গ. বিজয় দিবস ঘ. শহীদ বুদ্ধিজীবী দিবস

১৯) ত্রিপুরা মেয়েরা কানে যে দুল পড়ে তার নাম কী?

ক. রিসা খ. নাতং গ. রিমা ঘ. দফমান্দা

২০) বাংলার শেষ স্বাধীন নবাব কে ছিলেন?

ক. সিরাজ উদ্দৌলা খ. মীর কাশেম গ. মীর জাফর ঘ. আব্দুল লতিফ

২১) প্রাকৃতিক সম্পদ ও মূলধনকে কাজে লাগানোর জন্য কোনটি প্রয়োজন?

ক. বাসস্থান খ. স্বাস্থ্যকর পরিবেশ গ. জনসম্পদ ঘ. সুষম খাদ্য

২২) বাংলাদেশে মোট জাতীয় আয়ে কৃষির অবদান কত?

ক. ১০% খ. ২০% গ. ৩০% ঘ. ৪০%

২৩) বাংলাদেশের কতটি সরকারি চিনির কল রয়েছে?

ক. ১৮টি খ. ১৫টি গ. ১৬টি ঘ. ১৪টি

২৪) মানব সম্পদ উন্নয়নের মূল উপাদান কি?

ক. শ্রম শক্তি খ. প্রশিক্ষণ গ. শিক্ষা ঘ. কর্মসংস্থান

২৫) পৃথিবীতে বিভিন্ন দূর্যোগ সৃষ্টির কারণ হচ্ছে-

ক. জলবায়ু পরিবর্তন খ. নদী ভাঙ্গন গ. গ্রীণ হাউজ ঘ. খরা

২৬) শিশু শ্রমের প্রধান কারণ-

ক. শিক্ষা খ. পরিবেশ দূষণ গ. জনসংখ্যা সমস্যা ঘ. দারিদ্র্য

২৭) মনে করো তোমার ক্লাসে রানা নামে একজন ছাত্র আছে। সে কারো সাথে কথা বলতে,

খেলতে অথবা বন্ধুত্ব করতে চায় না। তার এরূপ আচরণ কোন ধরণের শিশুকে নির্দেশ করে।

ক. অসুস্থ শিশু খ. অর্টিস্টিক শিশু গ. স্বাভাবিক শিশু ঘ. রোগাক্রান্ত শিশু

২৮) রাষ্ট্র পরিচালনার জন্য প্রয়োজন-

ক. অর্থের খ. সম্পদের গ. জনবলের ঘ. জনগণ

২৯) বিপাশা মায়ের সাথে স্কুলে যাচ্ছিল। তাড়াতাড়ি রাস্তা পার হওয়ার জন্য তারা ওভারব্রীজ ব্যবহার না করে নিচ দিয়ে রাস্তা পার হতে গিয়ে গুরুতর আহত হয়। এ দুর্ঘটনা তারা কিভাবে এড়াতে পারতো?

ক. ফুটপাত দিয়ে হেঁটে খ.ওভারব্রীজ ব্যবহার করে

গ. রাস্তা দিয়ে হেঁটে ঘ. ট্রাফিক আইন ভঙ্গ করে

৩০) সাখাওয়াত মেমোরিয়াল গার্লস স্কুল কবে প্রতিষ্ঠিত হয়?

ক. ১৯০৫ সালে খ. ১৯৩২ সালে গ. ১৯১০ সালে ঘ. ১৯১৫ সালে

৩১) ত্রিপুরারা বেশিরভাগ কোথায় বসবাস করে?

ক. হিমছড়ি খ.খাগড়াছড়ি গ. ফটিকছড়ি ঘ.নাইখনছড়ি

৩২) নিরাপত্তা পরিষদের স্থায়ী সদস্য রাষ্ট্র কয়টি?

ক. ৫টি খ.৬টি গ.৭টি ঘ. ৮ টি

৩৩) জাতিসংঘের সদর দপ্তর কোথায় অবস্থিত?

ক.মস্ক খ.কাঠমুন্ডু গ.প্যারিস ঘ.নিউইয়র্ক

৩৪) একটি জনগোষ্ঠীর নাম নার বা প্নার যাদের লোকসংখ্যার বেশিরভাগ পান চাষ করে। এরা কারা?

ক.চাকমা খ.মারমা গ. গারো ঘ. খাসি

৩৫) ইউনিসেফ কাজ করে-

ক. বেকারত্ব দূর করার জন্য খ. দারিদ্র মুক্ত করার জন্য

গ. মানুষের অধিকারের জন্য ঘ. বিশ্বের শিশুদের উন্নয়নের জন্য

৩৬) বাংলাদেশে গারোরা কী ভাষায় কথা বলে?

ক. উল্লাই নাংথউ খ. সাংসারেক গ. অবেং ঘ. রাবুগা

৩৭) বাংলাদেশে অস্থায়ী সরকারের প্রধানমন্ত্রী কে ছিলেন?

ক. সৈয়দ নজরুল ইসলাম খ. তাজউদ্দিন আহমদ

গ. এম মনসুর আলী ঘ. আতাউল গণি ওসমানী

৩৮) কোথায় বাংলাদেশের লোকশিল্প যাদুঘর প্রতিষ্ঠা করা হয়েছে?

ক. পাহাড়পুর খ. ময়নামতি গ. ওয়ারী বটেশ্বর ঘ. সোনারগাঁও

৩৯) আমাদের কোথায় গণতান্ত্রিক রীতিনীতি চর্চা করা উচিত?

ক. বাড়িতে খ. বিদ্যালয় গ. শ্রেণিকক্ষে ঘ. সকল ক্ষেত্রে

৪০) কোন দিন আন্তর্জাতিক নারী দিবস পালন করা হয়?

ক. ৮ই জানুয়ারি খ. ৮ই ফেব্রুয়ারী গ. ৮ই মার্চ ঘ. ৮ই এপ্রিল

২। শূন্যস্থানের প্রযোজ্য শব্দ বা শব্দসমূহ উত্তরপত্রে লেখ: ১×১০=১০

ক) সার্ক এর লক্ষ্য হলো সদস্য দেশগুলোর ________মান উন্নত করা।

খ) ম্রো সমাজে বাড়িকে ________ বলে।

গ) বাংলাদেশের প্রাথমিক বিদ্যালয়ে শতকরা ________ ভাগ নারী শিক্ষক নিয়োগ দেয়া হয়।

ঘ) সব মানুষের নিজ নিজ ______ পালনের অধিকার আছে।

ঙ) খরার সময় অনেকের ______ বন্ধ হয়ে যায়।

চ) বাংলাদেশের প্রতি _____ জন মানুষের জন্য ১ জন প্রশিক্ষিত চিকিৎসক রয়েছেন।

ছ) অর্থকরি কৃষি দ্রব্য রপ্তানি করে বাংলাদেশ ______ অর্জন করে।

জ) লালবাগ দুর্গের চারদিকে ________ তৈরি উচু প্রাচীর রয়েছে।

ঝ) প্রায় ______ বছর ধরে ইংরেজরা এদেশে রাজত্ব করে।

ঞ) মুক্তিযুদ্ধের সময় প্রায় ______ লক্ষ মানুষ নিহত হয়।

৩। নিচের প্রশ্নগুলোর উত্তর সংক্ষেপে উত্তর পত্রে লেখ: ১×১০=১০

ক) কার নেতৃত্বে সিপাহি বিদ্রোহ শুরু হয়?

খ) খাদ্য ও কৃষি সংস্থার কাজ কী?

গ) যৌথ বাহিনীর প্রধান কে?

ঘ) বাংলাদেশের ৩টি শিল্পের নাম লিখ।

ঙ) ম্রো সমাজের সুস্বাদু খাবারের নাম কী?

চ) সোনারগায়ের গুরুত্ব ধীরে ধীরে লোপ পায় কেন?

ছ) আবহাওয়া কাকে বলে?

জ) অটিজম কী?

ঝ) নারী জাগরণের অগ্রদূত বলা হয় কাকে?

ঞ) ইউনিসেফের পূর্ণ রূপ কী?

৪। ক,খ ও গ নং প্রশ্নসহ যেকোনো ৮টি প্রশ্নের উত্তর উত্তরপত্রে লেখ: ৫×৮=৪০

ক) পাট শিল্প বাংলাদেশের অর্থনৈতিক উন্নয়নে কি অবদান রেখেছে- বর্ণনা কর।

খ) নারী উন্নয়নের ৫টি পদক্ষেপ লিখ।

গ) পোশাক শিল্পের ৫টি গুরুত্ব লিখ ।

ঘ) পলাশীর যুদ্ধ কেন হয়েছিল? এ যুদ্ধের ফলাফল কী ছিল?

ঙ) বিশ্বের বিভিন্ন দেশের মধ্যে বন্ধুত্ব ও সহযোগিতা প্রয়োজন কেন?

চ) ১৮৫৭ সালের সিপাহী বিদ্রোহের গুরুত্ব বর্ণনা কর।

ছ) নারী নির্যাতনের মূল কারণগুলো কী কী?

জ) আমরা বাড়িতে কীভাবে গণতন্ত্র চর্চা করতে পারি?

ঝ) বাংলায় নবজাগরণের ফলাফল কী ছিল?

ঞ) মানবাধিকারের প্রয়োজনীয়তা লিখ।